এফ এ কাপে ব্রিস্টাল প্যালেসকে ২-১ গোলে হারাল ব্রাইটন ও হোভে অ্যালবিয়ন।

# মাঠে - ময়দানে

অস্ট্রেলিয়া এ লিগের ম্যাচে পার্থ গ্লোরিকে ২-০ গোলে হারাল মেলবোর্ন সিটি।

## মিনার্ভা এফসি ম্যাচের আগে চোট সমস্যায় চিন্তিত মোহনবাগান কোচ

*মিনার্ভা ম্যাচেও চোটের জন্য অনিশ্চিত সনি নর্ডি, মোহনবাগানের ভরসা ওয়াচসন।*

**স্টাফ রিপোর্টার:** টানা চার ম্যাচে তিন পয়েন্ট সংগ্রহ করার পর আগের ম্যাচে জয়ের সরণিতে ফিরেছে মোহনবাগান। গতবারের চ্যাম্পিয়ন আইজল এফসিকে হারিয়ে খেতাব দৌড়ে ঘুরে দাঁড়িয়েছে সবুজ-মেরুন শিবির। কোচ সঞ্জয় সেনের পরিবর্তে নতুন হেড কোচ শঙ্করলাল চক্রবর্তীর হাত ধরে জয়ের সরণিতে ফিরেছে মোহনবাগান। এবার সামনে মিনার্ভা সিটি এফসি। লিগ টেবলের যারা ৭ ম্যাচে ১৬ পয়েন্ট সংগ্রহ করে দ্বিতীয় স্থানে রয়েছে। একটি ম্যাচ বেশি খেলে মোহনবাগানের সংগ্রহ ১৩ পয়েন্টে। শঙ্করলালের দল পঞ্চম স্থানে। তাই বুধবার যুবভারতীতে দ্বিতীয় স্থানে থাকা মিনার্ভা এফসি'র বিরুদ্ধে ঘুরে দাঁড়ানোর লড়াই মোহনবাগানে। প্রথম পর্বের ম্যাচে লুধিয়ানার মাটিতে সনি নর্ডির গোলে এগিয়ে থেকেও জয় পায়নি মোহনবাগান। তাই বুধবার যুবভারতীতে মিনার্ভাকে হারিয়ে এক ঢিলে দুই পাখিই মারার লক্ষ্য বাগানের থিঙ্ক ট্যাঙ্ক শঙ্করলাল চক্রবর্তীর।

প্রথম পর্বের ম্যাচে জয় না পাওয়ার জ্বালা জুড়োনোর পাশাপাশি মিনার্ভাকে হারাতে পারলেই লিগ খেতাবের দৌড়ে ঘুরে দাঁড়াতে পারবেন গঙ্গাপারের ক্লাবটি। আইজল এফসি'র বিরুদ্ধে জয়ের সরণিতে ফেরার পাশাপাশি চার্চিল ব্রাদার্সের বিরুদ্ধে ইস্টবেঙ্গল পয়েন্ট নষ্ট করায় বাড়তি অক্সিজেন পেয়েছে সবুজ-মেরুন শিবির। তবে সেসব নিয়ে নয়, বাগান কান্ডারির লক্ষ্য ঘরের মাঠে মিনার্ভার বিরুদ্ধে তিন পয়েন্ট সংগ্রহ করার। তবে মিনার্ভার বিরুদ্ধে জয়ের ধারাবাহিকতা বজায় রাখার ম্যাচে চোট সমস্যায় জর্জরিত বাগান কোচ। আগেই চোটের তালিকায় ছিলেন মোহনবাগান অধিনায়ক সনি নর্ডি।

আর আগের ম্যাচে আইজল এফসি'র বিরুদ্ধে পায়ে চোট পেয়েছেন ডিপান্ডা ডিকা, ক্রোমা এবং শিল্টন পাল। ক্রোমার ব্যথা অবশ্য পুরনো জায়গাতেই। তবে তাঁর চোট নিয়ে সেরকম চিন্তার কিছু নেই। ক্রোমাকে নিয়ে চিন্তার কিছু না থাকলেও চিন্তা রয়েছে ডিপান্ডা ডিকা এবং গোলরক্ষক শিল্টন পালকে নিয়ে। চোটের জন্য মিনার্ভা ম্যাচের আগের দিন অনুশীলন করেননি ডিকা। অনুশীলনের বেশিরভাগ সময়ই ডিকা কাটালেন মাঠের বাইরে। চোটের জায়গায় মাঠের বাইরে বসে রিহ্যাব করলেন ডিকা। শিল্টনের কুঁচকিতে চোট লেগেছে আইজল ম্যাচে। তবে কে আছে, কে নেই তা নিয়ে কিছু ভাবতে রাজি নন মোহনবাগানের নতুন হেডস্যার। মিনার্ভা ম্যাচের পরই মোহনবাগানকে খেলতে হবে ইস্টবেঙ্গলের বিরুদ্ধে। এই মুহূর্তে যারা লিগ টেবলের শীর্ষে রয়েছে। তাই ডার্বি ম্যাচের আগে মিনার্ভার বিরুদ্ধে জিততে পারলে আত্মবিশ্বাস ফিরে আসবে বাগান শিবিরে। ফলে মিনার্ভা ম্যাচে জয় ছাড়া অন্য কিছুই ভাবছেন না বাগানের হেডস্যার। ম্যাচের আগের দিন ফুটবলারদের নিয়ে হালকা অনুশীলন করালেন শঙ্করলাল। মিনার্ভা ম্যাচে একটা পরিবর্তন নিশ্চিত। দীপেন্দু দুয়ারির পরিবর্তে মাঝমাঠে শুরু থেকে খেলবেন শেখ ফৈয়াজ। প্রতিপক্ষকে যথেষ্ট গুরুত্ব দিচ্ছেন সবুজ-মেরুন শিবিরের কোচ। তিনি বলেন, দলটার প্লাস পয়েন্ট হল গড় বয়েস খুবই কম। ফলে ওদের একটা বাড়তি তাগিদ রয়েছে। ওরা সবসময় ছুটছে। সবচেয়ে বড় কথা লিগ টেবলের দ্বিতীয় স্থানে রয়েছে। এছাড়া ধারাবাহিকভাবে ভাল ফুটবল খেলছে। ফলে ওদের বিরুদ্ধে জয় পাওয়াটা একেবারেই সহজ ব্যাপার নয়।

আইজল ম্যাচে বাগান ডিফেন্সকে নির্ভরতা দিতে নেমেছিলেন ওয়াচসন। ওয়াচসন মাঠে নামতেই জয়ের সরণিতে ফিরেছে গঙ্গাপারের ক্লাবটি। তাই বাগান সমর্থকরা ওয়াচসনকে 'লাকি চার্ম' আখ্যা দিয়েছেন। তবে সেসব নিয়ে চিন্তিত নন তিনি। বরং ওয়াচসনের লক্ষ্য মিনার্ভা ম্যাচেও ভাল পারফর্ম করে দলকে তিন পয়েন্ট এনে দেওয়া। অন্যদিকে, ঘরের মাঠে মোহনবাগানকে রুখে দেওয়ার পর এবার মিনার্ভা এফসি কোচের লক্ষ্য অ্যাওয়ে ম্যাচে তিন পয়েন্ট।

## প্রস্তুতি ম্যাচে জয় অনূর্ধ্ব-১৯ ভারতীয় দলের

ক্রাইস্টচার্চ, ৯ জানুয়ারি: **বিশ্বকাপের প্রস্তুতি ম্যাচে বড় জয় পেল অনূর্ধ্ব-১৯ ভারতীয় দল। ক্রাইস্টচার্চ দক্ষিণ আফ্রিকাকে তারা ১৮৯ রানের ব্যবধানে পরাজিত করে। ব্যাট হাতে আরিয়ান-হিমাংশু ও বল হাতে ইশান পোড়েল দলের জয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা নেন। টসে জিতে প্রথমে ব্যাট করতে নেমে ভারত নির্ধারিত ৫০ ওভারে ৮ উইকেট হারিয়ে ৩৩২ রান তোলে। আরিয়ান জুয়াল ও হিমাংশু রানা হাফসেঞ্চুরি করেন। দলের হয়ে সর্বোচ্চ ৮৬ রান করে আউট হন আরিয়ান। হিমাংশু ফেরেন ৬৮ রান করে। এছাড়া অভিষেক শর্মা (৩৫), মনজোত কালরা (৩১), অনুকূল রায় (২৮) ও কমলেশ নাগারকোটি (১৬*) রান করেন। অধিনায়ক পৃথ্বী ১৬ করে ক্রিজ ছাড়েন। পাল্টা ব্যাট করতে নেমে দক্ষিণ আফ্রিকা ১৪৩ রানে অল-আউট হয়ে যায়। জিন ডু'প্লেসিস ৫০ রান ছানা বলার মতো রান করতে পারেনি কেউ। বাংলার ইশান পোড়েল ৮ ওভারে ২৩ রানের বিনিময়ে ৪ উইকেট দখল করেন। দুটি করে উইকেট নিয়েছেন নাগারকোটি, অভিষেক ও শিবা সিং। ১১ জানুয়ারি পৃথ্বীরা পরবর্তী প্রস্তুতি ম্যাচে মাঠে নামবেন কেনিয়ার বিরুদ্ধে। ১৪ জানুয়ারি অস্ট্রেলিয়ার বিরুদ্ধে বিশ্বকাপ অভিযান শুরু করবে ভারতের রানার্স ভারত। ১৬ ও ১৯ জানুয়ারি তাদের গ্রুপে তাদের প্রতিপক্ষ যথাক্রমে পাপুয়া নিউগিনি ও জিম্বাবোয়ে। এছাড়াও ইংল্যান্ড ১২৫ রানে আয়ারল্যান্ডের বিরুদ্ধে, অস্ট্রেলিয়া ৫০ রানে শ্রীলঙ্কার বিরুদ্ধে, কানাডা ৮ উইকেটে কেনিয়ার বিরুদ্ধে জয় পেয়েছে।**

## চার্চিল ম্যাচে পয়েন্ট নষ্ট করায় বেজায় চটেছেন ইস্টবেঙ্গল সচিব

**স্টাফ রিপোর্টার:** আই লিগের শেষ তিনটি অ্যাওয়ে ম্যাচে ইস্টবেঙ্গলের লক্ষ্য ছিল ৭ পয়েন্ট। এসেছে মাত্র ৫ পয়েন্ট। খেতাব লক্ষ্যে ঘরের মাঠে যেভাবে দৌড়াচ্ছিল খালিদ জামিলের দল সেখানে অ্যাওয়ে ম্যাচে গিয়ে হঠাৎই ছন্দপতন। আর এতেই সুখী সংসারে ভাঙন ধরেছে। দলের বিভিন্ন ঘটনায় এতদিন মুখ বুজে সব সহ্য করেছেন ইস্টবেঙ্গল সচিব কল্যাণ মজুমদার। কিন্তু চার্চিলের বিরুদ্ধে এগিয়ে থেকে জিততে না পারায় বেজায় চটেছেন ইস্টবেঙ্গল সচিব কল্যাণ মজুমদার। দল গঠন থেকে শুরু করে মনোরঞ্জন ভট্টাচার্য, ভাস্কর গঙ্গোপাধ্যায়ের প্রথম দিনের কার্যকলাপ নিয়ে বেশ বিরক্ত ছিলেন। চার্চিল ম্যাচে পয়েন্ট নষ্ট করতেই সচিব মুখ খুললেন। প্রথমেই বিঁধলেন দুই বিদেশি স্ট্রাইকার উইলিস প্লাজা ও চার্লসকে। লাল-হলুদ সচিব বলেন, গত কয়েক বছর ধরে আমরা ভুগেছি চতুর্থ বিদেশি নিয়ে। ফলে শেষ মুহূর্তে এসে বেশ কয়েকবছর আই লিগ খেতাব অল্পের জন্য হাতছাড়া হয়েছে। আর এবার তো তৃতীয়, চতুর্থ, পঞ্চম সব বিদেশিই ভোগাচ্ছে। শুরুতেই উইলিস প্লাজার এবং চার্লসের নাম শুনে আঁতকে উঠেছিলেন। গতবছর জঘন্য পারফরম্যান্স করেছিল প্লাজা। আমি টেকনিক্যাল লোক নই, তাও এবার প্লাজাকে দলে নেওয়া নিয়ে আপত্তি করেছিলাম। কিন্তু এমন জায়গা থেকে সিদ্ধান্তগুলি এসেছে, সেখানে আমাদের কিছু করার ছিল না। কোচ খালিদ জামিল বলেছে, প্লাজা ও চার্লস সেরা। তাই নিতেই হবে। এরপর তো আর কিছু করার থাকে না। কোচের পছন্দ মতোই দল তৈরি করা হয়েছে। প্লাজাকে নিয়ে গতবার থেকেই সমস্যা ছিল। অধিকাংশ ম্যাচেই চোটের জন্য খেলতে পারছে না। তার সম্পর্কে যত কম কথা বলা যায় ততই ভাল। চার্লস প্লাজাকে এবার দলে নেওয়া একেবারেই ঠিক হয়নি। গত মরশুমে ট্রেভর জেমস মরগ্যানের বিদায়ের পর মনোরঞ্জন ভট্টাচার্য, ভাস্কর গঙ্গোপাধ্যায়, তুষার রক্ষিতদের বিশেষ দায়িত্ব দেওয়া হয়েছিল। কিন্তু খালিদ জামিল তাদের সঙ্গে শলা-পরামর্শ করা তো দূরের কথা সৌজন্যমূলক কথাও বলতেন না। তাই একে একে প্রাক্তন ফুটবলাররা সরে দাঁড়িয়েছেন সবাই। এ প্রসঙ্গে, লাল-হলুদ সচিব কল্যাণ মজুমদার বলেন, বিষয়টা দুঃখজনক। ওরা আমাদের সম্পদ। সংবাদ মাধ্যমের যা দেখেছি তাতে ওরা অপমানিত বোধ করেছে। আক্ষিকভাবে এতটাই দূরে সরে গিয়েছেন যে ফেরার অনুরোধ করার জায়গাটাও আর নেই। এসবের মধ্যেই মঙ্গলবার বিকালে গোয়া থেকে শহরে ফিরেছে চার্চিল ব্রাদার্স। ইস্টবেঙ্গলের পরের ম্যাচ গতবারের চ্যাম্পিয়ন আইজল এফসি'র বিরুদ্ধে। ঘরের মাঠে দুই গোলে এগিয়ে থেকেও খালিদ জামিলের পুরনো দল আইজল এফসি'র বিরুদ্ধে জয় পায়নি ইস্টবেঙ্গল। এবার পাহাড়ের মাটিতে খেলতে হবে লাল-হলুদ শিবিরকে। ডার্বি ম্যাচের আগে আইজল এফসি ম্যাচে ঘুরে দাঁড়ানোর লড়াই ইস্টবেঙ্গলের। প্লাজা-চার্লসের পাশাপাশি খালিদ জামিলকে নিয়েও সমালোচনার ঝড় উঠেছে ইস্টবেঙ্গল তাঁবুতে। গোলের পর খালিদের হঠাৎ ডিফেন্সিভ হয়ে যাওয়ার স্ট্র্যাটেজি নিয়ে প্রশ্ন উঠেছে। তবে এসব নিয়ে এতটুকু চিন্তিত নন লাল-হলুদ কোচ। বরং পাহাড় থেকে লিগে ফেরার অস্ক্সিজেন নিয়ে সমতলে ফেরাকেই পাখির চোখ করছেন তিনি।



*বার্সার নতুন সদস্য কুটিনহোকে কাছে পেয়ে সেলফি তুলতে ব্যস্ত বার্সেলোনার সমর্থকেরা।*

## বৃষ্টিবিঘ্নিত ম্যাচে পাক বধ কিউয়িদের

**নেলসন, ৯ জানুয়ারি:** ৫ ম্যাচের সিরিজের দ্বিতীয় একদিনের ম্যাচে জয় পেল নিউজিল্যান্ড। প্রথম একদিনের ম্যাচে জয়ে পেয়েছিল নিউজিল্যান্ড। দ্বিতীয় ম্যাচেও জয় পেল নিউজিল্যান্ড। কিউয়িরা সিরিজের দুটি ম্যাচই জিতেছে ডাকওয়ার্থ লুইস পদ্ধতিতে। বৃষ্টি যেন পাকিস্তানের জয়ে বারবার বাধা হয়ে দাঁড়াচ্ছে। দ্বিতীয় ম্যাচে টসে জিতে আগে ব্যাট করার সিদ্ধান্ত নেয় পাকিস্তান।

প্রথম ব্যাট করতে নেমে ব্যাটিং বিপর্যয়ের মুখে পড়ে তারা। আজহার আলি (৬) ও ইমরান উল হক (২) রান করে ফিরে গেলেন ব্যাটিংয়ের হাল ধরেন মহম্মদ হাফিজ (৬০)। ব্যাট হাতে ব্যর্থ বাবার আজমও (১০)। নির্ধারিত ৫০ ওভারে ৯ উইকেট হারিয়ে ২৪৬ রান তোলে পাকিস্তান। হাফিজ ছাড়াও শাদাব খান (৫১), হাসান আলি (৫১) ছাড়াও শোয়েব মালিক (২৭) রান করেন। কিউয়িদের হয়ে লোকি ফার্গুসন ৩৯ রানে ৩টি উইকেট নেন। এছাড়া টিম সাউদি ৫৭ রানে ও টড অ্যাস্টল ৫০ রানে ২টি উইকেট দখল করেন। বাকি উইকেটগুলি ভাগ করে নেয় মিচেল স্যান্টনার ও ট্রেন্ট বোল্ট। জবাবে ব্যাট করতে নেমে ১৪ ওভারে ৬২ রান তোলার পর বৃষ্টি নামে। বৃষ্টিতে বেশ কিছুক্ষণ সময় নষ্ট হওয়ার পর নিউজিল্যান্ডের সামনে জয়ের জন্য ডাকওয়ার্থ লুইস পদ্ধতিতে লক্ষ্যমাত্রা দাঁড়ায় ২৫ ওভারে ১৫১ রান।

বৃষ্টি আসার আগে ক্রিজে থাকা মার্টিন গাপ্টিল ও রস টেলর ম্যাচ শেষ করেন। গাপ্টিল (৮৬) ও রস টেলর (৪৫) রান করে অপরাজিত থাকেন। কলিন মুনরো (০) ও কেন উইলিয়াম (১৯) ব্যাট হাতে ব্যর্থ। ম্যাচের সেরা গাপ্টিল। ম্যাচ শেষে কিউয়ি অধিনায়ক বলেন, গাপ্টিল ও টেলর খুব ভাল খেলেছে। আমাদের বোলাররা প্রথম ইনিংসে ভাল বল করেছে। আমরা জয়ের ধারাবাহিকতা রাখতে চাই।

## পিছিয়ে পড়লেন কোহলি

## রাহানেকে প্রথম একাদশে না দেখে অবাক ডু'প্লেসিস

**দুবাই, ৯ জানুয়ারি:** কেপ টাউন টেস্টের হার শুধু ভারতীয় দলের আত্মবিশ্বাসেই ধাক্কা দেয়নি, সেই সঙ্গে ক্রিকেটারদের ব্যক্তিগত র‍্যাঙ্কিংয়েও প্রভাব ফেলেছে। দক্ষিণ আফ্রিকার থেকে ১৩ পয়েন্টের ব্যবধান বজায় রেখে টিম ইন্ডিয়া এখনও টেস্ট ক্রিকেটের এক নম্বর দল হলেও ব্যাটসম্যানদের তালিকায় পিছিয়ে গিয়েছেন ভারত অধিনায়ক বিরাট কোহলি। যদিও বোলারদের র‍্যাঙ্কিংয়ে অভূতপূর্ব উন্নতি করেছেন ভুবনেশ্বর কুমার। দক্ষিণ আফ্রিকা সফর শুরুর আগে বিরাট কোহলি আইসিসি'র দু নম্বর টেস্ট ব্যাটসম্যান ছিলেন। নিউল্যান্ডসের ব্যর্থতার পর এক ধাপ পিছিয়ে তিন নম্বরে নেমে গেলেন তিনি। কেপ টাউনে টেস্টের দুই ইনিংসে কোহলির সংগ্রহ ৫ ও ২৮ রান। ভারত ম্যাচ হারে ৭২ রানের ব্যবধানে। বিরাটকে টপকে দু'নম্বরে চলে আসেন ইংল্যান্ডের অধিনায়ক জো রুট। তার দল ৪-০ ব্যবধানে অ্যাসেজ সিরিজ হারলেও ব্যাট হাতে দারুণ সফল রুট। যদিও চলতি সিরিজেই রুটের কাছ থেকে দ্বিতীয় স্থান ছিনিয়ে নিতে পারেন কোহলি। দুজনের মধ্যে ব্যবধান মাত্র ১ পয়েন্ট। যথারীতি অজি দলনায়ক স্টিভ স্মিথ এক নম্বর ব্যাটসম্যানের মুকুট ধরে রেখেছেন। এই মুহূর্তে তিনি কেরিয়ারের সেরা ৯৪৭ রেটিং পয়েন্টে রয়েছেন। ব্যাটসম্যানদের র‍্যাঙ্কিংয়ে পিছিয়ে পড়েছেন টিম ইন্ডিয়ার নির্ভরযোগ্য তারকা চেতেশ্বর পূজারাও। দু'ধাপ নেমে তিনি চলে গিয়েছেন পাঁচ নম্বরে। কেপ টাউনের দুই ইনিংস মিলিয়ে ৬টি উইকেট নেওয়া ভুবনেশ্বর কুমার বোলারদের র‍্যাঙ্কিংয়ে ৮ ধাপ উন্নতি করে কেরিয়ারের সেরা ২২ নম্বর স্থানে চলে এসেছেন। জাদেজা ও অশ্বিন তৃতীয় ও চতুর্থ স্থান ধরে রেখেছেন। সামি রয়েছেন ১৯ নম্বরেই। নিউল্যান্ডসের পারফরম্যান্সের ভিত্তিতে অ্যাভারসনকে সরিয়ে বোলারদের র‍্যাঙ্কিংয়ের শীর্ষস্থান দখল করেছেন প্রোটিয়া তারকা কাগিসো রাবাদা।

অন্যদিকে, দক্ষিণ আফ্রিকার অধিনায়ক ফাফ ডু'প্লেসিস বলেছেন, তিনি অবাক হয়েছেন চলতি সিরিজের প্রথম টেস্টে দলে রাখা হয়নি টেস্ট স্পেশালিস্ট ব্যাটসম্যান অজিঙ্কা রাহানেকে। তাঁর বদলে রাখা হয়েছেন রোহিত শর্মাকে। ম্যাচ হারের পর এক্সেত্রে বিরাট কোহলি বলেন, সাম্প্রতিক ফর্ম বিবেচনায় রাখা হয়েছিল রোহিতকে। ভারতের প্রথম একাদশ নিয়ে রাহানে ছাড়াও বোলারদের বাছাই নিয়েও প্রশ্ন তুলেছেন দক্ষিণ আফ্রিকার অধিনায়ক। তিনি বলেছেন, 'যখন শুনলাম ওদের প্রথম একাদশে উমেশ যাদব ও ইশান্ত শর্মার মতো অভিজ্ঞ বোলারের জায়গায় যশপ্রীত বুমরাহকে খেলানো হচ্ছে, তখনও আশ্চর্য হয়েছিলাম। কারণ বুমরাহ টেস্ট খেলবে বলে আমরা ভাবিনি। সেজন্য অন্যদের বিরুদ্ধে আমরা প্রস্তুতি নিয়েছিলাম।' প্রথম টেস্টে স্টেইন চোট পাওয়ায় ডু'প্লেসিস পেস আক্রমণকে আরও শক্তিশালী করতে ডুয়ান অলিভার ও লুনজি এনগিডিকে টেস্ট দলে নিয়োগ করেছেন। ডুয়ান ৫টি টেস্ট খেললেও, লুনজি খেলেছেন টি-২০ ম্যাচ। স্টেইন বলেছেন, তিনি ৬ সপ্তাহের মধ্যে মাঠে ফিরবেন।

## স্মিথদের সহকারী কোচ পন্টিং

**সিডনি, ৯ জানুয়ারি:** অস্ট্রেলিয়ার সর্বকালের সেরা ব্যাটসম্যানদের তালিকায় চিরকালই তাঁর নামটা থেকে যাবে। 'ব্যাগি গ্রিন' টুপি মাথায় পরে আন্তর্জাতিক ক্রিকেটের মঞ্চে ২৭ হাজারেরও বেশি রানের মালিক তিনি। আর শুধু ব্যাটসম্যান হিসাবেই নয়। অস্ট্রেলিয়া ক্রিকেটে লোকগাথার নায়ক তিনি। তিনবার অস্ট্রেলিয়ার বিশ্বকাপজয়ী দলের সদস্য। তার মধ্যে দুবার দেশকে অধিনায়ক হিসাবে পন্টিং মহাআসরে খেতাব জিতিয়েছেন। সফররত ইংল্যান্ড ও নিউজিল্যান্ডের বিরুদ্ধে আসন্ন টি-২০ ক্রিকেট সিরিজে স্টিভ স্মিথদের সহকারী কোচের ভূমিকায় দেখা যেতে চলেছে 'পান্টার'কে। মঙ্গলবারই অসি ক্রিকেট বোর্ডের তরফে এই ঘোষণা করা হয়েছে। জাতীয় দলের বর্তমান কোচ ড্যারেন লেহম্যানের সহকারী হিসাবেই কাজ করবেন পন্টিং। এছাড়াও ট্রয় কুলি ও ম্যাথু মটকেও অস্ট্রেলিয়ার সাপোর্ট স্টাফ হিসাবে রাখা হয়েছে। সদ্য শেষ হওয়া অ্যাসেজ সিরিজে চির প্রতিদ্বন্দ্বী ইংল্যান্ডকে ৪-০ ব্যবধানে হোয়াইটওয়াশ করেছে। আর এই জয়ের ফলে ডু'প্লেসিস পেস আক্রমণকে আরও শক্তিশালী করতে ডুয়ান অলিভার ও লুনজি এনগিডিকে টেস্ট দলে নিয়োগ করেছেন। ডুয়ান ৫টি টেস্ট খেললেও, লুনজি খেলেছেন টি-২০ ম্যাচ। স্টেইন বলেছেন, তিনি ৬ সপ্তাহের মধ্যে মাঠে ফিরবেন।

জাতীয় দলের কোচিংয়ের দায়িত্বে আনা হতে পারে পন্টিংকে এমন একটা সম্ভাবনার কথা শোনা যাচ্ছিল। আগামী মার্চে অস্ট্রেলিয়ার দক্ষিণ আফ্রিকা সফরের আগে প্রস্তুতি খতিয়ে দেখতে লেহম্যানের নিয়মিত সহকারী যারা সেই গ্রেম হিক, ডেভিড সাকের ও ব্র্যাড হাডিন প্রোটিয়াদের দেশে যাচ্ছেন। পন্টিং অবশ্য গত বছরও শ্রীলঙ্কার বিরুদ্ধে টি-২০ সিরিজে অস্ট্রেলিয়ার সহকারী কোচের দায়িত্ব পালন করেছিলেন। নতুন করে দায়িত্ব পাওয়ার পর পন্টিং বলেছেন, দারুণ লাগছে। আবার অস্ট্রেলিয়া টিমটার সঙ্গে যুক্ত হতে পেরে। আশা করছি টি-২০তে দুর্দান্ত একটা সিরিজ হতে চলেছে। গতবছর শ্রীলঙ্কার বিরুদ্ধে সিরিজটার সময়ও এই দায়িত্বটা খুব উপভোগ করেছিলাম। এবার আবার সেই সুযোগ পাচ্ছি। ড্যারেন এবং অন্যদের সঙ্গে কাজ করার জন্য মুখিয়ে রয়েছি। আর ড্যারেন লেহম্যান বলেন, রিকির ক্রিকেট মস্তিষ্কের উর্বরতা নিয়ে কোনও প্রশ্ন নেই। ক্রিকেট দুনিয়ায় খুব কমজনই রয়েছে যে রিকির সঙ্গে পাল্লা দিতে পারে। ক্রিকেটার, কোচ এমনকী ধারাভাষ্যকার হিসেবেও টি-২০ ফরম্যাটে রিকির দক্ষতা প্রশ্নাতীত।

*হাওড়ায় সম্প্রতি দুইল্যা স্পোর্টিং ক্লাব ও ধূলাগড়ি নেতাজি স্পোর্টিং ক্লাবের মধ্যে শৈলেন্দ্র শিল্ড সেমিফাইনাল ম্যাচটি অনুষ্ঠিত হয়। ম্যাচে জয়ী হয় দুইল্যা স্পোর্টিং ক্লাব। ফলাফল ৩-১। ম্যান অব দ্য ম্যাচ হয়েছেন কুণাল ঘোষ (নীল জার্সি)। এই খেলায় প্রশিক্ষক ছিলেন গৌতম চন্দ্র।*

প্রকাশক এবং মুদ্রক দুর্গা রাও, স্বত্বাধিকারী : আশিষ লাহা, ৯৭/২, এম জি রোড, মিডিল পয়েন্ট, পোর্ট ব্লেয়ার-৭৪৪ ১০১ থেকে প্রকাশিত এবং ইকো প্রিন্টিং প্রেস, ডলিগঞ্জ, পোর্ট ব্লেয়ার-৭৪৪ ১০৩ থেকে মুদ্রিত, সম্পাদক : আশিস্ লাহা*(পিআরবি আইন অনুযায়ী প্রকাশিত সমস্ত সংবাদের জন্য দায়বদ্ধ)।
Printed and published by T Durga Rao, owned by Asish Laha and published from 97/2, M. G. Road, Middle Point, Port Blair-744 101 & printed at Echo Printing Press, Dollygunj, Port Blair-744 103. Editor : Asish Laha*(*responsible for selection of news under the PRB Act).